

শেখ হাসিনার বারতা

নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)

প্রশিক্ষণ প্রকল্প

<http://www.dwa.gov.bd>

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.২৫.০০৪.২২.০৭৫

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

বিষয়: আইজিএ প্রকল্পের আওতায় প্রিন্স ইনস্টিটিউট অফ মেডিক্যাল টেকনোলজি এন্ড হাসপাতাল লিমিটেড এর মাধ্যমে ৩য় ও ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাদীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" ২য় সংশোধিত প্রকল্পের আওতায় প্রিন্স ইন্সটিটিউট অফ মেডিক্যাল টেকনোলজি এন্ড হাসপাতাল লিমিটেড এর মাধ্যমে ৫৬টি জেলায় কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রাম এবং ০৮টি জেলায় কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ট্রেডের ২টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম জানুয়ারি ২০২৩ মাসে সম্পন্ন হয়েছে।

অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে প্রতিটি জেলা পর্যায়ে ৬টি ব্যাচে প্রতিটি ব্যাচে ৩০ জন করে ১৮০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন-২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সেপ্রেক্ষিতে জুন-২০২৩ মাসে জেলা পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ১লা ফেব্রুয়ারি-২০২৩ হতে প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটির মাধ্যমে নির্বাচন করে (শুক্রবার ও শনিবারসহ) ০২ (দুই) শিফটে (সকাল শিফটে ৩০ জন ও বিকাল শিফটে ৩০ জন) প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রশিক্ষণার্থী ভর্তির নিমিত্ত **online**-এ আবেদনপত্র আগামী ২৪/০১/২০২৩ খ্রি. সকাল ০৯:০০ টাকা থেকে ২৮/০১/২০২৩খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট: <http://iga.dwa.gov.bd> খোলা থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন গ্রহণ এবং ১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ হতে (শুক্রবার ও শনিবারসহ) ০২ (দুই) শিফটে (সকাল শিফটে ৩০ জন ও বিকাল শিফটে ৩০ জন) প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রকল্প কার্যালয় থেকে ২৪/০১/২০২৩ খ্রি. তারিখের দৈনিক আমাদের নতুন সময় ও দৈনিক প্রতিদিনের সংবাদ পত্রিকায় প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে (জেলা থেকে আলাদা ভাবে কোন পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন নেই)



২৩-১-২০২৩

মোঃ তারিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫১৩৮১২৭

উপপরিচালক (সকল) জেলা পর্যায়

ইমেইল: [igaprojectbd@gmail.com](mailto:igaprojectbd@gmail.com)

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.২৫.০০৪.২২.০৭৫/১(৫০)

তারিখ: ৯ মাঘ ১৪২৯  
২৩ জানুয়ারি ২০২৩

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/সার্বিক) ও সভাপতি, জেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটি
- ২) মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) চেয়ারম্যান, প্রিন্স ইন্সটিটিউট অফ মেডিক্যাল টেকনোলজি এন্ড হাসপাতাল লিমিটেড, বি-৪, তালবাগ, সাভার, ঢাকা।



২৩-১-২০২৩

মোঃ তারিকুল আলম  
প্রকল্প পরিচালক